# দুর্নীতিবিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা পুরস্কার ২০২১

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) বাংলাদেশি মালিকানাধীন সংবাদপত্র, অনলাইন এবং টিভি চ্যানেলে কর্মরত সাংবাদিকদের কাছ থেকে দুটি শ্রেণিতে দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা বিষয়ে প্রতিবেদন আহ্বান করছে। প্রথম শ্রেণিতে **সকল ধরনের দুর্নীতি** বিষয়ক অনুসন্ধানী প্রতিবেদন এবং দ্বিতীয় শ্রেণিতে শুধুমাত্র **'জলবায়ু পরিবর্তন প্রকল্পে দুর্নীতি'** বিষয়ক প্রতিবেদন প্রকাশ/প্রচারের জন্য পুরস্কার প্রদান করা হবে। ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০২০ সময়কালে প্রকাশিত/প্রচারিত অনুসন্ধানী প্রতিবেদনসমূহ নিম্নোক্ত তিনটি বিভাগে পুরস্কারের জন্য বিবেচিত হবে।

| বিভাগ | মাধ্যম | পুরস্কার |
|---|---|---|
| **জাতীয় সংবাদপত্র বিভাগ** | রাজধানী ঢাকা থেকে যে-কোনো বাংলা ও ইংরেজি দৈনিক সংবাদপত্র, সাময়িকী এবং অনলাইন সংবাদ মাধ্যমে প্রকাশিত অনুসন্ধানী প্রতিবেদন। | প্রত্যেক বিজয়ীকে পুরস্কার হিসেবে ১,২৫,০০০ (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা, ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রদান করা হবে। |
| **আঞ্চলিক সংবাদপত্র বিভাগ** | রাজধানী ঢাকা ব্যতীত দেশের যে-কোনো অঞ্চলের বাংলা ও ইংরেজি দৈনিক সংবাদপত্র, সাময়িকী এবং অনলাইন সংবাদ মাধ্যমে প্রকাশিত অনুসন্ধানী প্রতিবেদন। | প্রত্যেক বিজয়ীকে পুরস্কার হিসেবে ১,২৫,০০০ (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা, ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রদান করা হবে। |
| **টেলিভিশন বিভাগ** | বিটিভিসহ দেশীয় মালিকানাধীন বেসরকারি টিভি চ্যানেলসমূহে প্রচারিত অনুসন্ধানী সংবাদ প্রতিবেদন। | প্রত্যেক বিজয়ীকে পুরস্কার হিসেবে ১,২৫,০০০ (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা এবং ক্যামেরাপারসনের বিশেষ ভূমিকা থাকলে সেক্ষেত্রে বিচারকমণ্ডলীর সুপারিশের আলোকে তাঁকেও পুরস্কার হিসেবে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা, ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রদান করা হবে। |
| | * অনুসন্ধানী প্রামাণ্য অনুষ্ঠান (ডকুমেন্টরি)। | বিজয়ী অনুসন্ধানী প্রামাণ্য অনুষ্ঠান (ডকুমেন্টরি) কে ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রদান করা হবে। |

**নিয়মাবলী:**

- প্রতিটি বিভাগে দুটি শ্রেণিতে পৃথকভাবে পুরস্কার প্রদান করা হবে;
- সকল অনুসন্ধানী প্রতিবেদন/ডকুমেন্টরি শুধু ই-মেইল যোগে জমা দেওয়া যাবে;
- advocacy@ti-bangladesh.org এই ঠিকানায় ই-মেইল পাঠাতে হবে। ই-মেইল এর বিষয় হিসেবে **'অনুসন্ধানী সাংবাদিকতা পুরস্কার ২০২১'** কথাটি উল্লেখ করতে হবে;
- প্রিন্ট মিডিয়ার ক্ষেত্রে মূল প্রতিবেদনের স্ক্যান কপি প্রেরণ করতে হবে;
- অনলাইন প্রতিবেদন জমা দেওয়ার ক্ষেত্রে মূল প্রতিবেদনের লিংকসহ ডকুমেন্ট ফাইল পাঠাতে হবে;
- অনুসন্ধানী সিরিজ প্রতিবেদন ব্যতীত একজন অংশগ্রহণকারী একাধিক প্রতিবেদন জমা দিতে পারবেন না;
- টেলিভিশন বিভাগে অনুসন্ধানী সংবাদ প্রতিবেদনের সাথে ক্যামেরাপারসনের নাম এবং যৌথভাবে কোনো প্রতিবেদন করলে তা অবশ্যই উল্লেখ করতে হবে;

- টেলিভিশন বিভাগে অনুসন্ধানী প্রামাণ্য অনুষ্ঠানের (ডকুমেন্টরি) ক্ষেত্রে অনুষ্ঠানকে পুরস্কৃত করা হবে এবং সংশ্লিষ্ট প্রামাণ্য অনুষ্ঠানের পক্ষেই পুরস্কারের জন্য মনোনয়ন জমা দিতে হবে;
- টেলিভিশন বিভাগে দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী প্রতিবেদন ও প্রামান্য অনুষ্ঠান (ডকুমেন্টরি) অফিসিয়াল চ্যানেলের ইউটিউব লিংক বা গুগল ড্রাইভে আপলোডকৃত প্রতিবেদনের লিংক (ডাউনলোডের অনুমতিসহ) পূর্ণাঙ্গ স্ক্রিপ্টসহ পাঠাতে হবে;
- প্রতিবেদনের সাথে প্রতিবেদকের এক কপি পাসপোর্ট সাইজের ছবি, বাংলা ও ইংরেজিতে নাম, যোগাযোগের ঠিকানা এবং টেলিফোন নম্বরসহ ডকুমেন্ট ফাইল অবশ্যই দিতে হবে;
- প্রতিযোগী যে প্রতিষ্ঠানে থেকে প্রতিবেদন তৈরি করেছেন সেই প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রের স্ক্যান কপি প্রতিবেদনের সাথে থাকতে হবে, যাতে প্রতিবেদনটি কবে প্রকাশিত ও প্রচারিত হয়েছে অবশ্যই তা সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে;
- পাঠক/দর্শক বা আগ্রহী যে কেউ উল্লিখিত উভয় শ্রেণিতে এই তিনটি মাধ্যমে প্রকাশিত/প্রচারিত দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী প্রতিবেদন মনোনীত করতে পারবেন, তবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিবেদকের সম্মতিপত্র স্ক্যান করে অবশ্যই সংযুক্ত করতে হবে; এবং
- **২০১৮-২০২০ সময়কালে কোনো প্রতিযোগী পর পর দুবছর একই বিভাগে পুরস্কৃত হলে তিনি এ বছর প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।**

প্রাপ্ত প্রতিবেদন ও ডকুমেন্টরিসমূহ প্রাতিষ্ঠানিক ও পদ্ধতিগত দুর্নীতি উন্মোচনে সাফল্যের মাপকাঠিতে মূল্যায়িত হবে। এক্ষেত্রে প্রকাশিত তথ্যের বিষয়, গুরুত্ব, গভীরতা, পরিবেশনের ধরন ও মান এবং দুর্নীতি প্রতিরোধে সম্ভাব্য প্রভাব–এ বিষয়গুলো বিবেচিত হবে। টিআইবি ট্রাস্টি বোর্ড কর্তৃক মনোনীত বিচারকমণ্ডলী উক্ত প্রতিবেদনগুলোর মূল্যায়ন করবেন এবং এ ব্যাপারে তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। প্রত্যেক বিচারক কর্তৃক পৃথকভাবে প্রতিটি প্রতিবেদন যাচাইয়ের পর সর্বোচ্চ গড় নম্বরের ভিত্তিতে বিচারকমণ্ডলীর সভায় চূড়ান্ত বিজয়ী নির্ধারিত হবে।

দুর্নীতিবিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা পুরস্কার সম্বন্ধে আরো বিস্তারিত তথ্য জানতে দেখুন: www.ti-bangladesh.org/ija2021

## প্রতিবেদন জমা দেওয়ার শেষ তারিখ: ২৫ জুন ২০২১

**পরিচালক, আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন বিভাগ, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ**
মাইডাস সেন্টার, লেভেলস - ৪ ও ৫, বাড়ি - ০৫, সড়ক - ২৭ (পুরাতন) ১৬ (নতুন), ধানমণ্ডি, ঢাকা - ১২০৯
ফোন: ৪৮১১৩০৩২, ৪৮১১৩০৩৩, ৪৮১১৩০৩৬, ই-মেইল: **advocacy@ti-bangladesh.org**